গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন অধিদপ্তর
১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা)
ঢাকা-১০০০

ফোন ঃ ৯৫১৩৩০৫
ফ্যাক্স ঃ ৯৫৮৭৩০১
ই-মেইল ঃ info@dos.gov.bd
Web site : www.dos.gov.bd

নং-১৮.১৭.০০০০.৪০০.১৫.০১৫.১৬/ ১৮৬৪

তারিখ ঃ ৩১/০৫/২০২০ ইং

## সার্কুলার

**বিষয়ঃ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে শর্তসাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য সম্মত বিধি নিশ্চিত করে যাত্রীবাহী নৌযান চলাচল প্রসংগে।**

মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নং-০৪.০০.০০০০.৫১৪.০৬.০০২.২০.১০৯, তারিখ- ২৮-০৫-২০২০ এ উল্লেখিত সিদ্ধান্তের ক্রমিক নং- ১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষন পুর্বক সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধ এবং পরিস্থিতির উন্নয়নের লক্ষ্যে সরকার ৩০ মে ২০২০ তারিখের পর শর্তসাপেক্ষে সীমিত পরিসরে নির্দিষ্ট সংখ্যক যাত্রী নিয়ে স্বাস্থ্য সম্মত বিধি নিশ্চিত করে যাত্রীবাহী নৌযান চলাচল করতে পারবে মর্মে নির্দেশনা প্রদান করেছেন। এমতাবস্থায়, স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক জারিকৃত নির্দেশনা, বাংলাদেশ অভ্যন্তরীন নৌপরিবহন কর্তৃপক্ষ কর্তৃক যাত্রী পরিবহন সংক্রান্ত নির্দেশনা এবং অত্র অধিদপ্তর কর্তৃক গত ২৫-০৩-২০২০ ইং তারিখে জারীকৃত বন্দর কর্মকর্তা, নৌযান মালিক, মাস্টার/ড্রাইভারসহ সকল নাবিকদের প্রতি সচেতনাতা মূলক জরুরী নৌ বিজ্ঞপ্তি (কপি সংযুক্ত) কঠোরভাবে মেনে নৌযান পরিচালনার ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।

২। উল্লেখ্য সকল শ্রেণীর যাত্রীদের জন্য ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স ১৯৭৬ এর আওতাধীন অভ্যন্তরীণ জাহাজ (যাত্রী) বিধিমালা ২০০১ মোতাবেক নির্ধারিত স্থান অনুযায়ী যাত্রী পরিবহন করা যাবে। সেক্ষেত্রে প্রতিটি নৌযানে নির্ধারিত যাত্রীর বেশী পরিবহন করা যাবে না। রাত্রীকালীন নৌযান পরিচালনার ক্ষেত্রে সকল ডেক প্যাসেঞ্জারের জন্য নির্ধারিত স্থান সীমানা চিহ্নের মাধ্যমে নিশ্চিত করার জন্য সকল নৌযান মালিকদেরকে অনুরোধ করা যাচ্ছে।

৩। নৌপরিবহন অধিদপ্তরের সকল ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এবং পরিদর্শকগণকে এ বিষয়ে যথাযথ নিরাপত্তা ব্যবস্থা গ্রহন পূর্বক অর্পিত দ্বায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম,(ট্যাজ),এনডিসি,পিএসসি,বিএন
মহাপরিচালক

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।

২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলামোটর, রমনা, ঢাকা।

৩। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ারের কার্যালয় ঢাকা/নারায়নগঞ্জ/চট্রগ্রাম/বরিশাল/খুলনা।

৪। পরিদর্শক, অভ্যন্তরীণ জাহাজ পরিদর্শনালয় ঢাকা/নারায়ণগঞ্জ/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/চাঁদপুর/পটুয়াখালী।

৫। চেয়ারম্যান,বাংলাদেশ অভ্যন্তরীন নৌ চলাচল (যাপ)সংস্থা, ১৪,পুরানা পল্টন, দারুস সালাম আর্কেড (৫মতলা),ঢাকা।

৬। সভাপতি,বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, বিআইডব্লিউটিএ টার্মিনাল ভবন, নীচতলা, সদরঘাট, ঢাকা।

৭। মহাসচিব, খুলনা বিভাগীয় অভ্যন্তরীন নৌ পরিবহন মালিক গ্রুপ, ৬৯, খান-এ-সবুর রোড, খুলনা, বাংলাদেশ।

৮। সভাপতি, গজারিয়া-মুন্সীগঞ্জ ষ্টীল বোট মালিক সমিতি, হাটলক্ষীগঞ্জ, মুন্সীগঞ্জ।

৯। সভাপতি, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২ পি.কে রায় রোড, বাংলাবাজার, ঢাকা-১১০০।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। একান্ত সচিব, মাননীয় নৌপরিবহন প্রতিমন্ত্রী, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। একান্ত সচিব, নৌপরিবহন সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

১৪১-১৪৩ মতিঝিল বা/এ (৮ম তলা), ঢাকা-১০০০।

ওয়েব সাইট: www. dos.gov.bd

নং-১৮.১৭.০০০০.৪০০.০৯.০০৯.১৬/৩১৬৫০ তারিখঃ ২৫/০৩/২০২০ খ্রিঃ

# সচেতনতামূলক জরুরী নৌ বিজ্ঞপ্তি

করোনা ভাইরাসের কারনে উদ্ভূত পরিস্থিতিতে নিরাপদ নৌপরিবহন ব্যবস্থা সুনিশ্চিতকরনের লক্ষ্যে যাত্রীবাহী,মালবাহী, তৈলবাহী, পণ্যবাহী, বালিবাহী, ফেরী, টাগ ও স্পীডবোটসহ সকল ধরনের নৌযানে কর্মরত নাবিক, নৌযান মালিক ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিম্নরূপ অতিরিক্ত সতর্কতা অবলম্বনের জন্য নৌপরিবহন অধিদপ্তরের পক্ষ হতে সংশ্লিষ্ট সকলের প্রতি অনুরোধ জানানো যাচ্ছে ঃ

**নৌযান মালিকদের প্রতি নির্দেশনা/যে সকল বিষয়সমূহ নিশ্চিত করতে হবে ঃ**

- প্রতিটি ট্রিপের শেষে জীবানুনাশক দিয়ে লঞ্চের মেইন ডেকসহ সকল কেবিন, মাস্টার ব্রীজসহ সকল রেলিং ভালভাবে পরিস্কার করা।
- প্রতিযাত্রার পূর্বে খোলা ডেক, রেলিং ও কেবিনসমূহ জীবানুনাশক স্প্রের সাহায্যে জীবানুমুক্ত করা।
- ট্রিপ শেষে নৌযানটি জীবানুনাশক দ্বারা ভালভাবে ধৌত করা।
- নিয়মিতভাবে মাস্টার, ড্রাইভারসহ সকল নাবিকদের স্বাস্থ্য পরীক্ষা করা। রোগের উপসর্গ দেখা মাত্রই নাবিককে হোম কোয়ারেন্টিন এ পাঠানো।
- প্রতিটি নৌযানে জীবানুনাশক/সাবান/হ্যান্ড/স্যানিটাইজার/ডেটল/টিস্যু পেপার ইত্যাদি সরবরাহ নিশ্চিত করা।
- সকল মালবাহী ও তৈলবাহী এবং অন্যান্য নৌযানের ক্ষেত্রেও প্রতি যাত্রার পূর্বে এবং পরে জাহাজকে সামগ্রীকভাবে পরিষ্কার পরিচ্ছন্নতার মাধ্যমে জীবানুনাশক করতে হবে।

**মাস্টার/ড্রাইভারসহ সকল নাবিকদের প্রতি নির্দেশনা ঃ**

- নৌযানে উঠার পূর্বে ও নামার পরে জীবানুনাশক/সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত ধুয়ে নিন।
- নিয়মিত বিরতিতে স্যানিটাইজার/সাবান পানি দিয়ে হাত মুখ পরিষ্কার করুন।
- জর,হাঁচি কাশি ইত্যাদি নিয়ে নৌযানে উঠবেন না।
- হাঁচি/কাশি দেয়ার পূর্বে রুমাল/টিস্যু/হাতের বাহু দিয়ে মুখ ঢাকুন।
- ব্যবহৃত টিস্যু ঢাকনাযুক্ত নির্ধারিত স্থানে ফেলুন।
- নৌযানের অভ্যন্তরে ও যেখানে সেখানে কফ ও থু-থু ফেলবেন না।
- নৌযাত্রার পূর্বে ও পরে জীবানুনাশক/সাবান/হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত জীবানুমুক্ত করা।
- কোন নাবিক করোনা ভাইরাস আক্রান্ত বলে সন্দেহ হলে তাকে নৌযানে উঠা থেকে বিরত রাখুন এবং স্বাস্থ্য বিধি মেনে চলুন।

**বন্দর কর্মকর্তাদের প্রতি নির্দেশনা ঃ**

- প্রতিটি নৌ বন্দরে সার্বক্ষনিক হাত ধোয়ার ব্যবস্থা রাখা।
- নৌ টার্মিনালসমূহে করোনা ভাইরাস সংক্রান্ত করনীয় সম্পকৃত প্রচার প্রচারণার জন্য লিফলেট/বিল বোর্ডের মাধ্যমে সচেতনতার ব্যবস্থা করন।

**স্বাস্থ্যসম্মত, সুষ্ঠু ও নিরাপদ নৌযাত্রা নিশ্চিতকরনে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করা যাচ্ছে।**

কমডোর সৈয়দ আরিফুল ইসলাম (ট্যাজ) এনডিসি, পিএসসি, বিএন

মহাপরিচালক

**বিতরণঃ**

১। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার এর কার্যালয়, ঢাকা/নারায়নগঞ্জ/ বরিশাল/ খুলনা।
২। ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার, আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিষ্ট্রেশন/পরিদর্শন অফিস, ভৈরব/ চট্টগ্রাম।
৩। পরিদর্শক, অভ্যন্তরীন জাহাজ পরিদর্শনালয়, ঢাকা/নারায়ণগঞ্জ/চাঁদপুর/বরিশাল/খুলনা/চট্টগ্রাম/পটুয়াখালী/
৪। পরিদর্শক, আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিষ্ট্রেশন/পরিদর্শন অফিস, কলাপাড়া/মোংলা/ আরিচা/ ভৈরব/সুনামগঞ্জ/ভোলা/ চামড়াবন্দর/ রাজশাহী/ মাওয়া/ কক্সবাজার ও রাঙ্গামাটি।

→ নৌযান সার্ভে ও পরিদর্শনের সময় উপরোক্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করা হলো।

৫। চেয়ারম্যান, বাংলাদেশ অভ্যন্তরীন নৌ চলাচল (যাপ) সংস্থা, ১৪, পুরানা পল্টন (৫মতলা), দারুস সালাম আর্কেড, ঢাকা।
৬। চেয়ারম্যান, বাংলাদেশ লঞ্চ মালিক সমিতি, টার্মিনাল ভবন (নীচতলা), সদরঘাট, ঢাকা।
৭। সভাপতি/সাধারন সম্পাদক, বাংলাদেশ কার্গো ভেসেল ওনার্স এসোসিয়েশন, আকরাম টাওয়ার, ১৫/৫, বিজয়নগর, (৬ষ্ঠ তলা), রুম # ১ও ২, ঢাকা।
৮। চেয়ারম্যান, কোষ্টাল শীপ ওনার্স এসোসিয়েশন অব বাংলাদেশ, স্কাইলার্ক পয়েন্ট (৯ম তলা),২৪/এ, বিজয়নগর, ঢাকা-১০০০।
৯। চেয়ারম্যান, বাংলাদেশ তৈলবাহী জাহাজ মালিক সমিতি, হ্যাপি রহমান প্লাজা (৫ম তলা), ২৫-২৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।
১০। সভাপতি, বাংলাদেশ পেট্রোলিয়াম ট্যাংকার ওনার্স এসোসিয়েশন, বাড়ি-৬৬ (৫ম তলা) রোড নং-৮, ব্লক-সি, ফ্ল্যাট নং-বি-৪, নিকেতন, গুলশান-২, ঢাকা।
১১। সাধারন সম্পাদক, বাংলাদেশ নৌযান শ্রমিক ফেডারেশন, ৩১/৩২, পি.কে.রায় রোড, বাংলাবাজার, ঢাকা।
১২। সভাপতি, ইঞ্জিন ও বাল্কহেড বোট মালিক সমিতি, ১২/এ, আর.কে.মিশন রোড (সেকেন্ড ফ্লোর), ঢাকা-১২০৩।
১৩। সভাপতি, বাংলাদেশ বাল্কহেড নৌযান মালিক সমিতি, স্যুইট নং-২০৭, হোটেল সিলভার ইন বিল্ডিং, ১২/ক, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, ঢাকা।
১৪। সভাপতি, জাহাজী শ্রমিক ফেডারেশন, ১১৯, বঙ্গবন্ধু সড়ক, করিম মার্কেট, নারায়নগঞ্জ।
১৫। সভাপতি, দক্ষিণ বাংলা বাল্কহেড (বালিবাহী নৌযান) মালিক সমিতি, মিয়ারহাট, পোঃ কৌড়িখাড়া, থানা-নেছারাবাদ, পিরোজপুর।
১৬। সভাপতি, গজারিয়া-মুন্সীগঞ্জ স্টীল বোট মালিক সমিতি, হাটলক্ষীগঞ্জ, মুন্সীগঞ্জ।
১৭। সভাপতি, রূপগঞ্জ স্টীল বডি বাল্কহেডে বোট ও ড্রেজার মালিক সমিতি, রূপসীঘাট, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ।
১৮। সভাপতি, দাউদকান্দি বোট মালিক সমিতি, দাউদকান্দি ফেরীঘাট, কুমিল্লা।
১৯। সভাপতি, চাঁদপুর পণ্য পরিবহন ও বালুবাহী বোট মালিক সমিতি, হাজীগঞ্জ, চাঁদপুর।
২০। সভাপতি, বাংলাদেশ রিভার ট্রান্সপোর্ট ওনার্স এসোসিয়েশন, ১৯৩/এ, ফকিরাপুল, জীবন ভবন (২য় তলা), ঢাকা।
২১। সভাপতি, বাংলাদেশ কার্গো ট্রলার বাল্কহেড শ্রমিক ইউনিয়ন, পাগলা বাজার, ফতুল্লা, নারায়নগঞ্জ।

→ আপনাদের সমিতিভুক্ত সকল নৌযানের মালিক ও চালকদেরকে আলোচ্য সার্কুলারের কপি সরবরাহ করার জন্য অনুরোধ করা হলো। প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**অনুলিপিঃ অবগতি ও কার্যার্থে**

১। চেয়ারম্যান, বিআইডব্লিউটিএ, ১৪১-১৪৩,মতিঝিল বা/এ, ঢাকা।
২। চেয়ারম্যান, বিআইডব্লিউটিসি, ফেয়ারলী হাউজ, বাংলা মোটর, ঢাকা।

→ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধ সহ।

**অনুলিপিঃ সদয় অবগতির জন্য**

১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌ পরিবহন মন্ত্রণালয়, ঢাকা।